**নতুন পাঠক্রম**

# বাংলা

## 'ক' ভাষা

## ( ২০২৩ )

*সময় ঃ ৩ ঘন্টা ১৫ মিনিট ]* *[ পূর্ণমান ঃ ৮০*

| *পরীক্ষার্থীদের জন্য নির্দেশ :* |
|---|
| **1.** *পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।* |
| **2.** *বর্ণাশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে।* |
| **3.** *উপান্তে প্রশ্নের পূর্ণমান সূচিত আছে।* |

### ( বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলী )

১. ঠিক উত্তরটি নির্বাচন করো : ১ × ১৮ = ১৮

(i) আগেভাগে ভূতে পেয়ে বসেছে —

(ক) সমাজকে (খ) ওঝাকে

(গ) মাসিপিসিদের (ঘ) অর্বাচীনদের।

(ii) যামিনির মা তেলেনাপোতাকে বলেছে —

(ক) মৃত্যুপুরী (খ) স্বর্গপুরী

(গ) পাতালপুরী (ঘ) প্রেতপুরী।

(iii) সৌখী জেলে গিয়েছে আজ কতবছর হল —

(ক) তিন বছর (খ) সাত বছর

(গ) এগারো বছর (ঘ) পাঁচ বছর।

(iv) গোরুর গাড়ির গাড়োয়ান উৎসাহের সঙ্গে কী বাজাচ্ছিল ?

(ক) মাদল (খ) খোল-করতাল

(গ) তবলা (ঘ) ক্যানেস্তারা।

(v) 'পুলিশ দেখে ভয় পাওয়ার লোক সে নয়' — এখানে যার কথা বলা হয়েছে :

(ক) সৌখী (খ) সৌখীর মা

(গ) সৌখীর বাবা (ঘ) সৌখীর বউ।

(vi) সুয়েজ বন্দরের প্রায় তিনদিকে রয়েছে —

(ক) সমুদ্র (খ) অরণ্য

(গ) বালির টিপি আর পাহাড় (ঘ) গম্বুজ।

(vii) '১৬০৯ সালে ঘটলো এক নতুন ব্যাপার' — নতুন ব্যাপারটি হল —

(ক) দূরবীন আবিষ্কার (খ) আহ্নিক গতি আবিষ্কার

(গ) অণুবীক্ষণ যন্ত্র আবিষ্কার (ঘ) চশমা আবিষ্কার।

(viii) কোন্ মাছ দেখে লেখকের হাঙরের বাচ্ছা মনে হয়েছিল ?

(ক) তিমি (খ) বনিটো

(গ) ইলিশ (ঘ) ডলফিন।

(ix) 'নীলধ্বজের প্রতি জনা' কবিতায় পার্থকে নীলধ্বজ কী জ্ঞানে পূজা করেছিলেন ?

(ক) নারায়ণ (খ) শিব

(গ) ব্রহ্মা (ঘ) ইন্দ্র।

(x) 'পুণ্যবেদীর শূন্যে' কতদিন ক্রন্দন ধ্বনিত হয়েছে ?

(ক) হাজার বছর (খ) একশত বছর

(গ) দেড়শত বছর (ঘ) তিনশত বছর।

(xi) আমাদের দিন চলে যায় —

(ক) হেসে কেঁদে (খ) দুঃখ করে

(গ) সাধারণ ভাত কাপড়ে (ঘ) বাজার করে।

(xii) লালন ও পড়শির মধ্যে দূরত্ব হল —

(ক) একশো যোজন (খ) কয়েক মাইল

(গ) হাজার যোজন (ঘ) লক্ষ যোজন।

(xiii) থুরথুরে বুড়োর একমাত্র অতিপ্রাকৃত শক্তি হল —

(ক) জাদু (খ) মন্ত্র

(গ) ধৈর্য্য (ঘ) জলপড়া।

(xiv) চর্যাপদ আবিষ্কার করেছিলেন —

(ক) প্রবোধচন্দ্র সেন (খ) হরপ্রসাদ শাস্ত্রী

(গ) মুনি দত্ত (ঘ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

(xv) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের রচয়িতার নাম —

(ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(গ) বুদ্ধদেব বসু (ঘ) মানিক বন্দ্যোপাধ্যায়।

(xvi) 'বীরবল' ছদ্মনামের বাংলা প্রবন্ধকার হলেন —

(ক) কালীপ্রসন্ন সিংহ (খ) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

(গ) অন্নদাশঙ্কর রায় (ঘ) প্রমথ চৌধুরী।

(xvii) সাঁওতালি ভাষার লিপির নাম —

(ক) রাভা (খ) অলচিকি

(গ) কুটিল (ঘ) খরোষ্ঠী।

(xviii) অভিশ্রুতি যে উপভাষার বৈশিষ্ট্য সেটি হল —

(ক) রাঢ়ি (খ) বঙ্গালি

(গ) কামরূপী (ঘ) ঝাড়খণ্ডী।

**( সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী )**

২. অনধিক **কুড়িটি** শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ( বিকল্প প্রশ্নটি লক্ষণীয় ) : ১ × ১২ = ১২

(i) মরণকালে বুড়ো কর্তার দুঃখ হল কেন ?

(ii) 'নতুন কম্বল মুড়ি দিয়ে শুয়েও বুড়ির ঘুম আসতে চায় না।' — কেন ?

(iii) 'ও এক পড়শী বসত করে' — পড়শী কোথায় বসত করে ?

(iv) খেতে বসে রাগ চড়ে যায় কেন ?

(v) 'দ্বীপান্তরের বন্দিনী' কবিতায় বিধির বেতার-মন্ত্র কী ?

(vi) 'মরি কর্ণ মহাযশাঃ' — মহাযশা কর্ণ কীভাবে মারা যায় ?

(vii) সুয়েজ খাল খননের ফলে কী সুবিধা হয়েছে ?

(viii) গ্যালিলিওর পিতা কোন্ কোন্ বিষয়ে কৃতবিদ্য ছিলেন ?

(ix) বিশাল ডানাওয়ালা থুরথুরে বুড়োকে দেখে পড়োশিনি কী বলেছিল ?

**অথবা**

"আমি তবু পরের শ্রেণিতে যাব।" — কবি পরের শ্রেণিতে কেন যাবেন ?

(x) IPA-এর পুরো নাম কী ?

(xi) সমগোত্রজ ভাষা বলতে কী বোঝো ?

(xii) 'সেনেমিক লিপি' বলতে কী বোঝো ?

## ( বিষয়ভিত্তিক / বর্ণনামূলক প্রশ্নাবলী )

৩. অনধিক **একশো পঞ্চাশ** শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৩.১ "সেইখানেই তো ভূত" — কার উক্তি ? সেখানে ভূত বলতে কী বোঝানো হয়েছে ? ১ + ৪

৩.২ "এতক্ষণে বোঝে সৌখী ব্যাপারটা।" — কোন্ 'ব্যাপারটা'র কথা বলা হয়েছে ? সে কীভাবে এই ব্যাপারটা বুঝতে পেরেছিল তা নিজের ভাষায় লেখো। ১ + ৪

৪. অনধিক **একশো পঞ্চাশ** শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৪.১ সংক্ষেপে হাঙর শিকার-এর বর্ণনা লিপিবদ্ধ করো। ৫

৪.২ "শিক্ষিত জনসাধারণের কাছে প্রচারের জন্য গ্যালিলিও ধরলেন এক নতুন পন্থা।" — গ্যালিলিওর নতুন পন্থাটি কী ? তাঁর জীবনের শেষ অবস্থার বর্ণনা দাও।

১ + ৪

৫. অনধিক **একশো পঞ্চাশ** শব্দে যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ২ = ১০

৫.১ "আমি একদিনও না দেখিলাম তারে" — কার দেখা একদিনও পাওয়া গেল না ? সে কোথায় বাস করে ? না দেখার কারণ ব্যাখ্যা করো। ১ + ১ + ৩

**৫.২ 'দ্বীপান্তরের বন্দিনী' কবিতায় বিদ্রোহী কবির দেশপ্রেম ও বিদ্রোহীসত্তার বহিঃপ্রকাশ কীভাবে ঘটেছে নিজের ভাষায় লেখো।** ৫

৫.৩ "আমরা তো সামান্য লোক" — কে, কোন্ প্রসঙ্গে একথা বলেছেন ? 'সামান্য লোক' শব্দের তাৎপর্য ব্যাখ্যা করো। ২ + ৩

৫.৪ "কিন্তু বৃথা এ গঞ্জনা।" — বক্তা কে ? তিনি কাকে গঞ্জনা দিতে চেয়েছেন ? কেন তাঁর মনে হয়েছে এই গঞ্জনা বৃথা ? ১ + ১ + ৩

৬. অনধিক **একশো পঞ্চাশ** শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৬.১ বর্তমান জীবনে প্রকৃত শিক্ষার দৈন্য কীভাবে 'শিক্ষার সার্কাস' কবিতায় প্রকাশিত হয়েছে তা লেখো। ৫

৬.২ "এলিসেন্দা একটা স্বস্তির নিঃশ্বাস ফেললে ..." — এলিসেন্দা কী দেখেছিল ? এলিসেন্দা কেন স্বস্তির নিঃশ্বাস ফেলেছিল ? সে কেমনভাবে উড়ে যাচ্ছিল ? এলিসেন্দা কেন তাকিয়ে তাকে দেখতে থাকে ? ১ + ১ + ১ + ২

৭. অনধিক **একশো পঞ্চাশ** শব্দে যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ২ = ১০

৭.১ মহাপঞ্চকের সঙ্গে আচার্য অদীনপুণ্যের বিরোধ বাধল কেন ? কে, কোথায় অদীনপুণ্যকে নির্বাসন দিলেন ? ৩ + ২

৭.২ "শুনেছি অচলায়তনে কারা সব লড়াই করতে এসেছে " — শিক্ষায়তন কীভাবে অচলায়তনে পরিণত হয়েছিল ? সেখানে কারা লড়াই করতে এসেছিল এবং কেন ? ৩ + ১ + ১

৭.৩ "সেই ভরসাতেই তাঁর জন্যে অপেক্ষা করে আছি।" — কে, কার জন্য অপেক্ষা করে আছে ? সে এলে কী করা হবে ? ২ + ৩

৭.৪ "উনি আমাদের সব দলের শতদল পদ্ম" — এখানে কাকে 'শতদল পদ্ম' বলা হয়েছে ? কেন তিনি 'শতদল পদ্ম' ? ১ + ৪

৮. অনধিক **একশো পঞ্চাশ** শব্দে যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ২ = ১০

৮.১ চণ্ডীমঙ্গলের শ্রেষ্ঠ কবি কে ? তার কাব্যপ্রতিভা আলোচনা করো। ১ + ৪

৮.২ বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সম্পর্কে আলোচনা করো। ৫

৮.৩ মাইকেল মধুসূদন দত্তের দুটি নাটকের নাম লেখো। নাট্যকার হিসেবে তাঁর কৃতিত্ব আলোচনা করো। ১ + ৪

৮.৪ প্রবাদ ও প্রবচন বলতে কী বোঝো ? কয়েকটি প্রবাদ-এর উদাহরণ বাক্যসহ লেখো। ২ + ৩

৯. অনধিক **একশো পঞ্চাশ** শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৯.১ 'ভারত চার ভাষাবংশের দেশ' — উদ্ধৃতি অনুসারে চার ভাষাবংশের পরিচয় দাও। ৫

৯.২ প্রাকৃত ভাষার এইরূপ নামকরণের কারণ কী ? এই ভাষার তিনটি আঞ্চলিক রূপের নাম লেখো। ২ + ৩

৯.৩ 'হায়ারোগ্লিফিক' কী ? এর সংক্ষিপ্ত পরিচয় দাও। ১ + ৪

=============